



ভর্তি বিজ্ঞপ্তি

জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ রাজশাহী বিশ্ববিদ্যালয় (৭ম মেধা তালিকা)

তারিখ: ১৪.০১.২০১৮

F-ইউনিট-এর ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্য থেকে সাক্ষাৎকারে অংশগ্রহনকারী নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীদেরকে মেধাক্রম ও তাদের বিষয় পছন্দক্রম অনুযায়ী বিভাগের শর্তপূরণ সাপেক্ষে অনুষদের বিভিন্ন বিভাগে ভর্তির জন্য চূড়ান্তভাবে (৭ম মেধা তালিকা) নির্বাচিত করা হলো। তাদেরকে আগামী ১৬.০১.২০১৮ এবং ১৭.০১.২০১৮ তারিখ প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বেলা ২.০০টার মধ্যে ভর্তি প্রক্রিয়া অবশ্যই সম্পন্ন করতে হবে, অন্যথায় নির্বাচন বাতিল হিসেবে গণ্য হবে। প্রদত্ত ফলাফলে কোন ধরনের ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন করার ক্ষমতা অনুষদ কর্তৃপক্ষ সংরক্ষন করে।

ভর্তির ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের তথ্যে কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে তার ভর্তি বাতিল হিসেবে গণ্য হবে। ভর্তির সময় ভর্তি পরীক্ষার মূল প্রবেশ পত্র অবশ্যই দেখাতে হবে, অন্যথায় নির্বাচন বাতিল হবে।

উল্লেখ্য, ভর্তির সময় এস.এস.সি. ও এইচ.এস.সি.-র মূল নম্বরপত্র এবং এইচ.এস.সি.-র মূল রেজিস্ট্রেশন কার্ড অনুষদ অফিসে A4 সাইজের খাকি খামে ভরে জমা দিতে হবে।

বিভাগের আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে মেধাক্রম ও বিষয় পছন্দক্রম অনুযায়ী ৮ম মেধা তালিকা ১৮.০১.২০১৮ অনুষদের নোটিশ বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে এবং ২১.০১.২০১৮ তারিখে ভর্তি হতে হবে, অন্যথায় নির্বাচন বাতিল হবে। এছাড়া ভর্তির জন্য যাবতীয় তথ্যাদি ও নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (admission.ru.ac.bd) থেকে জানা যাবে।

**** ভর্তির সময় ৫০০/- (পাঁচশত) টাকা অনুষদ অফিসে জমা দিতে হবে।**

(প্রফেসর ড. মো. সাইফুল ইসলাম ফারুকী)

চীফ কো-অর্ডিনেটর

F-ইউনিট, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

ও

ডীন, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়